

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০০

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জেলায় নারিকেল চাষে সহায়তা

পশ্চিম ত্রিপুরা জেলায় চলতি অর্থবছরে কোকোনাট ডেভেলপমেন্ট বোর্ডের সহায়তায় নারিকেল চাষে কৃষকদের সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে জেলার ৩৩ হেক্টর জমি নারিকেল চাষের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ৪ লক্ষ ৬৯ হাজার ৯২০ টাকা। এই কর্মসূচি রূপায়ণে ১০৭ জন কৃষক উপকৃত হয়েছেন। পশ্চিম জেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
